

AKASHVANI (Kolkata)

Regional News Unit

Date: 30-10-2025

Time: 1-40 PM

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী-SIR-এর শুরুতেই নির্বাচন কমিশন, কাজে যোগ না দেওয়া রাজ্যের মোট ১৪৩ জন বুথ স্টৱের আধিকারিকের বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক পদক্ষেপ নিতে চলেছে। কমিশন, মুখ্য নির্বাচনী আধিকারিককে আজ বেলা ১২টার মধ্যে দায়িত্বভার গ্রহণ না করলে তাঁদের বিরুদ্ধে বিভাগীয় তদন্ত শুরু করতে বলেছে। প্রয়োজনে তাঁদের সাসপেন্ড করারও নির্দেশ দেওয়া হয়েছে। গত এপ্রিল মাসে বিএলও হিসেবে নিয়োগ পাওয়ার পরে এখনও পর্যন্ত তাঁরা দায়িত্ব নেননি। এমনকি প্রশিক্ষণেও অংশ গ্রহণ করেননি। কমিশন আগেই তাঁদের কারণ দর্শানোর নির্দেশ দিয়েছিল। কিন্তু বেশিরভাগ বিএলও কাজে যোগ দিলেও এই ১৪৩ জন তা করেননি বলে জানা গেছে। মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল গতকাল ভিডিও কনফারেন্সের মাধ্যমে রাজ্যের সমস্ত জেলা নির্বাচন আধিকারিক (ডিইও)-দের সঙ্গে বৈঠক করেন। সেখানে উপস্থিত নির্বাচন কমিশনের বরিষ্ঠ আধিকারিকরা এদিন প্রত্যেক জেলার ডিইওদের সঙ্গে পৃথকভাবে কথা বলে এসআইআর প্রক্রিয়ার অগ্রগতি, প্রশিক্ষণ ও অন্যান্য কাজকর্ম নিয়ে বিস্তারিত রিপোর্ট চান। এই পর্যবেক্ষণ চলাকালীনই স্পষ্ট হয়ে যায়, বিএলওদের কাজে যোগ না দেওয়ার বিষয়টি স্পষ্ট হয়।

উত্তর ২৪ পরগনার পানিহাটিতে SIR আতঙ্কে প্রদীপ কর নামে এক ব্যক্তির আত্মাতী হওয়ার অভিযোগের মধ্যেই তাঁর পরিবার আজ থানায় FIR দায়ের করেছে। রাজ্যের মন্ত্রী চন্দ্রমা ভট্টাচার্য, স্থানীয় বিধায়ক নির্মল ঘোষ, সাংসদ পার্থ ভৌমিক সহ ত্রিমূলের নেতৃত্বে প্রদীপ করের বাড়িতে গিয়ে পরিবারের পাশে থাকার আশ্বাস দেন।

পরিবারের তরফে এই মৃত্যুর পুঞ্জানুপুঞ্জ তদন্তের দাবী তোলা হয়েছে। মৃত প্রদীপ করের ডান হাতের চারটি আঙুল ছিলনা। সেই অবস্থায় তিনি কিভাবে সুইসাইড নোট লিখলেন, তা' নিয়েও প্রশ্ন তুলেছে পরিবারটি।

উত্তর ২৪ পরগনার পানিহাটিতে ব্যবসায়ী প্রদীপ করের মৃত্যুর কারণ হিসেবে এস আই আর আতঙ্কের অভিযোগ নিয়ে রাজনৈতিক চাপানোতের তুঙ্গে। বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য বলেছেন, ত্রিমূল কংগ্রেস এই

মৃত্যু নিয়ে রাজনীতি করছে। মৃতের ঘর থেকে উদ্বার হওয়া সুইসাইড নোটটি আদৌ তাঁর লেখা কি না, সেই নিয়েও প্রশ্ন তুলেছেন তিনি।

(বাইট- শমাক)

প্রদীপ করের মৃত্যুর বিচারের দাবিতে আজ পানিহাটিতে ত্রণমূল কংগ্রেস মিছিল করবে বলে দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন।

অন্যদিকে, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী জানিয়েছেন, এস আই আর এর সমর্থনে আগামী চৌষ্ঠা নভেম্বর পানিহাটিতে বিজেপি পদযাত্রা করবে।

বাগড়োগরার পুঁটিমারি এলাকায় একটি বাড়িতে হানা দিয়ে পুলিশ অনেকগুলি জন্ম মৃত্যুর শংসাপত্র, আধার ও ভোটার কার্ড বাজেয়াপ্ত করেছে। এই ঘটনায় লালন কুমার ওবা নামে ঐ ব্যক্তিকে গ্রেপ্তার করেছে। খড়িবাড়ি, নক্কালবাড়ি হাসাপাতাল থেকে জাল শংসাপত্র তৈরি করে লালন টাকার বিনিময়ে তা বিক্রি করতো। আজ তাকে আদালতে তোলা হবে।

কোচবিহারের হলদিবাড়ির দুটি পৃথক স্থান থেকে দুই বাংলাদেশীকে গ্রেপ্তার করেছে পুলিশ। গোপন সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে গতকাল হলদিবাড়ি বাস স্ট্যান্ডের কাছে বাংলাদেশের রংপুরের বাসিন্দা নিলয় মন্ডলকে পুলিশ গ্রেপ্তার করে। গ্রেপ্তার করা হয়েছে তার স্ত্রী, ভারতের বাসিন্দা আসমাকেও।

অন্যদিকে, শিয়ালডাঙ্গির পাঠানপাড়া এলাকা থেকে বাংলাদেশের ফরিদপুরের বাসিন্দা সুরজিত বালাকে পুলিশ গ্রেপ্তার করেছে। দেড় বছর আগে অবৈধভাবে ভারতে প্রবেশ করে একটি চা কারখানায় শ্রমিকের কাজ করছিল সে।

জগন্মাত্রী পুজোর আজ মহা নবমী। উত্সব মুখর চন্দননগর, সংলগ্ন মানকুন্ড এবং ভদ্রেশ্বরে সকাল থেকেই শুরু হয়েছে নবমী বিহিত পুজো।

নদীয়ার কৃষ্ণনগরে ষষ্ঠী থেকে চারদিনের পুজো, নবমীতেই সম্পন্ন হয়। এই উপলক্ষে শহর জুড়ে আঁটোসাটো নিরাপত্তার বন্দোবস্ত করা হয়েছে। জগন্মাত্রী পুজো উপলক্ষে হৃগলীর রিষড়াতে আজ থেকেই শুরু হচ্ছে চারদিনের উত্সব।

বীরভূমের তারাপীঠে নবমী তিথিতে মা-তারা জগন্মাত্রী রূপে পূজিতা হন। বছরের এই একটি দিনেই মাকে ডাকের সাজে সাজানো হয়।

বেলুড়মঠের সারদা পীঠ প্রাঙ্গন, সারদা মায়ের জন্মভিটে জয়রাম বাটি এবং কামারপুকুর রামকৃষ্ণ মঠেও
সকাল থকেই চলছে বিশেষ পুজো।

অনেক গৃহস্থ বাড়িতেও আজ মাত্র আরাধনার আয়োজন করা হচ্ছে।

রাজ্য প্রশাসনের অনুরোধে জগন্নাত্রী প্রতিমা নিরঞ্জনের জন্য পূর্বরেলের শিয়ালদা ডিভিশন, আগামীকাল থেকে
দোসরা নভেম্বর পর্যন্ত চক্ররেল চলাচল নিয়ন্ত্রণ করবে। এই সময়কালে শিয়ালদা-BBD Bag ও BBD Bag—
বারুইপুর লোকাল বাতিল থাকছে। তিনটি জোড়া ট্রেন কলকাতা স্টেশনে যাত্রা শুরু ও শেষ করবে। নেহাটি -
মাঝেরহাট লোকাল ঘূর পথে চলবে এবং শিয়ালদা নর্থ স্টেশনে যাত্রা শেষ করবে। মাঝেরহাট-রানাঘাট লোকাল
পরিবর্তিত রুটে চলবে।

এদিকে, জগন্নাত্রী পুজোর বিসর্জনে যাত্রী চলাচলের কথা বিবেচনা করে পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন আজ
ও আগামীকাল রাতে কৃষ্ণনগর ও রানাঘাটের মধ্যে একজোড়া বিশেষ ট্রেন পরিষেবা দেবে। এই দুদিন রানাঘাট
ও কৃষ্ণনগর থেকে রাত ১১ টা ৪৫ মিনিট ও রাত সাড়ে ১২'টায় একটি করে বিশেষ ট্রেন ছাড়বে। যাতায়াতের
পথে ট্রেনগুলি ফ্ল্যাগ ও হল্ট ষ্টেশন সহ সব স্টেশনে থামবে বলে রেল সুত্রের খবর।

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ আর্য সমাজের প্রতিষ্ঠাতা স্বামী দয়ানন্দ সরস্বতীর ১৪২তম প্রয়াণ বার্ষিকীতে
তাকে স্মরণ করা হচ্ছে। সমাজ সংস্কারক, সুপ্রতিষ্ঠিত, ধর্মগুরু স্বামী দয়ানন্দ সরস্বতী কুসংস্কার ভাবনা দূর করতে
প্রতিষ্ঠা করেছিলেন আর্য সমাজ। তার রচিত সত্যার্থ প্রকাশ ভারতের স্বাধীনতা
আন্দোলনে উল্লেখযোগ্য প্রভাব ফেলেছিল।

দক্ষিণ ছত্রিশগড় এবং সংলগ্ন বিদ্রের ওপর অবস্থানরত গভীর নিম্নচাপটি আজ সুস্পষ্ট নিম্নচাপে পরিণত হবে।
এর প্রভাবে আজ বীরভূম, মুর্শিদাবাদ, পশ্চিম বর্ধমান ও পুরুলিয়া জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ মাঝারি
থেকে ভারী বৃষ্টির সম্ভাবনা।

অন্যদিকে বাতাসে জলীয় বাস্পের পরিমাণ বৃদ্ধি পাওয়ায় উত্তরবঙ্গের মালদা, উত্তর ও দক্ষিণ দিনাজপুর,
জলপাইগুড়ি, কালিম্পং ও দার্জিলিং জেলায় কোথাও কোথাও ভারী বৃষ্টি হতে পারে বলে আলিপুর আবহাওয়া
দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডক্টর হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন।

(বাইট- হিন্দুর)
